

# ক্যানোনিক্যাল আনল উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট

মো: আমিনুল ইসলাম সজীব

ওপেনসোর্স অপারেটিং সিস্টেম উবুন্টুর পেছনের কোম্পানি ক্যানোনিক্যাল জানিয়েছে, তাদের লক্ষ্য আগামী বছর নাগাদ বিশ্বের ৫ শতাংশ পারসোনাল কমপিউটারে উবুন্টু অপারেটিং সিস্টেম চলবে। এই লক্ষ্যে বিশ্বব্যাপী উবুন্টুর হাজার হাজার ডেভেলপার কাজ করে যাচ্ছেন। শুধু তাই নয়, ডেলের মতো বিখ্যাত কোম্পানির সাথে চুক্তি করেছে ক্যানোনিক্যাল, যার ফলে গত বছর চীনে ২৫০টি স্টোরে ডেল কমপিউটারের সাথে প্রি-লোডেড অপারেটিং সিস্টেম হিসেবে উবুন্টু ইনস্টল করা ছিল। বর্তমানে এই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫০-এ। সম্প্রতি ভারতেও ৮৫০টি স্টোরে উবুন্টু ইনস্টল করা কমপিউটার বিক্রি করতে শুরু করেছে ডেল। এর মাধ্যমে দ্রুত মানুষের কাছে সহজে উবুন্টু অপারেটিং সিস্টেম পৌঁছে দিতে পারছে ক্যানোনিক্যাল। একই সাথে যেসব কমপিউটার ব্যবহারকারী উবুন্টু সম্পর্কে তেমন কিছুই জানেন না, তাদেরও ইনস্টলের ঝামেলা পোহানো ছাড়াই উবুন্টু ব্যবহার করার সুবিধা দিচ্ছে।

এখানেই থেমে থাকেনি ক্যানোনিক্যাল। ব্যবহারকারীদের আকৃষ্ট করতে প্রতিনিয়ত নতুন নতুন সুবিধা যোগ করার পাশাপাশি সম্প্রতি 'উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট' নামে নতুন একটি প্রোগ্রাম চালু করেছে তারা। এর মাধ্যমে ব্যবহারকারীদের উবুন্টু কমিউনিটি ও ডেস্কটপ ব্যবহারে উদ্বুদ্ধ করা হচ্ছে। এটি ব্যবহারের মাধ্যমে প্রতিটি সাধারণ কাজের জন্য একটি করে অ্যাকমপ্লিশমেন্ট ট্রফি দেয়া হবে, যা ব্যবহারকারীর কমপিউটারে ও ক্লাউডে সেভ থাকবে। এটি শুধু ব্যবহারকারীদের উবুন্টু ব্যবহারে উদ্বুদ্ধ করার জন্যই নয়, বরং অনেকগুলো ট্রফি যার থাকবে তিনি একসময় হয়ে উঠতে পারেন উবুন্টুর অফিসিয়াল মেম্বার।

## কাদের জন্য উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট

যেকোনো একটা বড় অংশই ডেভেলপার হিসেবে উবুন্টুর জন্য কাজ করে থাকেন, অন্যরাও উবুন্টুর জন্য ডকুমেন্টেশন লেখেন, লোকাল কমিউনিটিতে উবুন্টু বিষয়ক সেবা ও সহায়তা দিয়ে বিভিন্নভাবে উবুন্টুর প্রচার ও উন্নয়নের জন্য কাজ করে থাকেন। উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট প্রায় সব ধরনের ব্যবহারকারীকে তাদের প্রায় প্রতিটি কাজের জন্যই দিচ্ছে অ্যাকমপ্লিশমেন্ট ট্রফি।

উদাহরণস্বরূপ বলা যায়, একজন ব্যবহারকারী লঞ্চপ্যাডে অ্যাকাউন্ট তৈরি করলেন এবং তা উবুন্টু অ্যাকমপ্লিশমেন্টের সাথে যোগ করে বিভিন্ন সমস্যা বা বাগ সম্পর্কে রিপোর্ট করার জন্য ট্রফি বা অ্যাওয়ার্ড পেতে পারেন। উল্লেখ্য, এসব ট্রফি মূলত অ্যাপ্লিকেশনের এক ধরনের রেটিং, যা আপনার অ্যাকাউন্টের সাথে সংযুক্ত থাকবে। একইভাবে ডেস্কটপ কাজের পাশাপাশি কমিউনিটি সদস্য হিসেবেও বিভিন্ন 'অ্যাচিভমেন্ট' পাওয়ার সুযোগ রয়েছে এই অ্যাপ্লিকেশনের মাধ্যমে, যা পরে উবুন্টু দুনিয়ায় একজন পরিচিত মুখ হিসেবে গড়ে তুলতে সাহায্য করতে পারে।

## ডেস্কটপ অ্যাকমপ্লিশমেন্ট

উবুন্টু অ্যাকমপ্লিশমেন্টের একটি বড় সুবিধা হচ্ছে নতুন ব্যবহারকারীরা এর মাধ্যমে তাদের ডেস্কটপ কমপিউটারের বিভিন্ন অপারেশন সম্পর্কে জানতে পারবেন। ডেস্কটপ অ্যাকমপ্লিশমেন্টের আওতায় উবুন্টুতে যা যা করা যায় তার প্রায় সবকিছুর জন্যই রয়েছে অ্যাচিভমেন্ট ট্রফি। এমনকি উবুন্টুর ডিফল্ট মিউজিক প্লেয়ার রিদমবক্সে গান যোগ করার জন্যও ব্যবহারকারী ট্রফি পেতে পারেন। শুধু তাই নয়, ম্যাহজং নামের ডিফল্ট গেমের সব লেভেল সম্পন্ন করতে পারলেও পাবেন একটি ট্রফি। এ ছাড়া ডেস্কটপে আপনার আইডেন্টিফিকেশন আপডেট করার জন্যও ট্রফি রয়েছে। আর এসব ট্রফি কিভাবে পেতে হবে তাও বিস্তারিত বলা আছে অ্যাপ্লিকেশনে, যা অনেকটা নির্দেশনা হিসেবে কাজ করবে।

মূলত ব্যবহারকারীদের ডেস্কটপের সাথে পরিচিত করা এবং উবুন্টুর সাথে থাকা প্রায় সব ফিচার বা সুবিধা অন্তত একবার করে ব্যবহারকারীদের দিয়ে চেখে নেয়ার কাজ করতে উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট তৈরি করা হয়েছে। এতে ব্যবহারকারী শুধু তার প্রয়োজনের মধ্যেই সীমাবদ্ধ থাকবেন না, বরং খেলাচ্ছলে হলেও উবুন্টু ডেস্কটপের বিভিন্ন ফিচার বা সুবিধা এক্সপ্লোর করতে পারবেন এবং তার কমপিউটারে উবুন্টুর মাধ্যমে আরও কী কী করা সম্ভব তা জানতে পারবেন।

## কমিউনিটি অ্যাকমপ্লিশমেন্ট

ডেস্কটপ অ্যাকমপ্লিশমেন্টের মতোই কমিউনিটি কাজের জন্যও অ্যাকমপ্লিশমেন্ট পাওয়া যাবে। যেমন উবুন্টু কমিউনিটি কর্তৃক আয়োজিত লোকো (লোকাল কমিউনিটি) টিমের ইভেন্টে যোগদান করলে তার জন্য পাওয়া যাবে অ্যাকমপ্লিশমেন্ট। এসব ট্রফি কীভাবে পাওয়া যাবে তা উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট অ্যাপ্লিকেশনেই নির্ধারিত সেকশনে বলা আছে।

উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট অ্যাপ্লিকেশনটি ইনস্টল করার পর এর ইউজার ইন্টারফেস থেকেই দেখা যাবে কী কী বিষয়ে ট্রফি পেতে পারেন। তবে এই কাজটি আরও সহজ করে নিতে যোগ করা হয়েছে অ্যাকমপ্লিশমেন্ট লেন্স। ইউনিটি ইন্টারফেসে এই লেন্সের মাধ্যমেই আপনি খুঁজে বের করতে পারেন আপনি কী কী ট্রফি জিতেছেন এবং আরও কী কী বিষয়ের ওপর ট্রফি জিততে পারেন।

অ্যাপ্লিকেশন থেকে বিভিন্ন টাস্ক খুঁজে নেয়ার সুবিধার্থে এতে যোগ করা হয়েছে বিভাগ ও উপ-বিভাগ অনুযায়ী খোঁজ করার সুবিধা। উল্লেখ্য, এর আগেও উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট অবমুক্ত করা হয়েছিল, কিন্তু সেটি খুব একটা জনপ্রিয় হয়ে ওঠেনি। তাই ০.২ সংস্করণে আনা হয়েছে ব্যাপক পরিবর্তন।

## অন্যান্য সুবিধা

উবুন্টু অ্যাকমপ্লিশমেন্টের বিশেষ সুবিধা হচ্ছে এটি স্বয়ংক্রিয়ভাবে টাস্ক ডিটেক্ট করে থাকে। যেমন আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো ►

লোকো টিম ইভেন্টে কেউ যোগ দিলে তার লঞ্চপ্যাড অ্যাকাউন্টের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে এই ট্রফি সেই ব্যবহারকারীর অ্যাকাউন্টে যোগ হয়ে যাবে। আবার ডেস্কটপ অ্যাপ্লিকেশনগুলোর ক্ষেত্রেও একইভাবে কাজ করবে এটি। কোনো সুযোগ হাতে নেয়ার পর সেই টাস্কটি সম্পন্ন করার সাথে সাথে ট্রফিটি দেখাবে এবং এটি ব্যবহারকারীর উবুন্টু ওয়ান অ্যাকাউন্টের সাথে সিনক্রোনাইজ করে নেবে।

## ইনস্টল করুন উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট

উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট ব্যবহার করার জন্য আপনার প্রয়োজন হবে উবুন্টু ওয়ান অ্যাকাউন্ট। উবুন্টু ওয়ান প্রত্যেক উবুন্টু ব্যবহারকারীকে বিনামূল্যে ৫ গিগাবাইট ক্লাউড স্টোরেজ দিয়ে থাকে। এই স্টোরেজে ব্যবহারকারীরা যেকোনো ধরনের ফাইল রাখতে পারেন যা যেকোনো কমপিউটার থেকে, এমনকি উইন্ডোজ থেকেও অ্যাক্সেস করা যাবে। এই স্টোরেজে গানও রাখা যাবে যা সংশ্লিষ্ট আইফোন বা অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশনের মাধ্যমে অনলাইন থেকেই স্ট্রিম করা সম্ভব।

উবুন্টু ওয়ান অ্যাকাউন্ট না থাকলেও চিন্তার কিছু নেই। উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট অ্যাপ্লিকেশনে বিল্ট-ইন সাইন-আপ ফরম জুড়ে দেয়া হয়েছে। ফলে অ্যাপ্লিকেশনটি চালু করার পরই উবুন্টু ওয়ান অ্যাকাউন্টের জন্য রেজিস্ট্রেশনের অপশন পাবেন।

উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট শুধু উবুন্টু ১২.০৪




সংস্করণেই কাজ করবে। কাজেই আপনার উবুন্টু ১২.০৪-এ উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট ইনস্টল করতে টার্মিনাল চালু করেন এবং নিচের তিনটি কমান্ড আলাদা আলাদাভাবে লিখে এন্টার করুন।

```
sudo add-apt-repository ppa:ubuntu-accomplishments/releases
sudo apt-get update
sudo apt-get install accomplishments-daemon accomplishments-viewer ubuntu-community-accomplishments ubuntu-desktop-accomplishments accomplishments-lens
```

এবার উবুন্টুর ড্যাশ থেকেই উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট চালু করতে পারবেন। অথবা টার্মিনালে accomplishments-viewer লিখে এন্টার চাপলেও চালু হবে এই অ্যাপ্লিকেশনটি।

## অন্যান্য

কোনো কারণে উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট অ্যাপ্লিকেশনটি মুছে ফেলতে চাইলে নিচের কমান্ডটি লিখে টার্মিনালে রান করুন।

```
sudo apt-get remove accomplishments-daemon accomplishments-viewer ubuntu-community-accomplishments ubuntu-desktop-accomplishments accomplishments-lens
```

একই সাথে উবুন্টু অ্যাকমপ্লিশমেন্টের সব কনফিগারেশন ফাইল মুছে ফেলতে নিচের কমান্ডটি রান করুন।

```
rm -rf ~/.config/accomplishments/ && rm -rf ~/.cache/accomplishments/ && rm -rf ~/.local/share/accomplishments/
```

এ ছাড়াও আপনি চাইলে উবুন্টু অ্যাকমপ্লিশমেন্টে পাওয়া সব কিছু মুছে নতুন করে শুরু করতে পারেন। এ জন্য নিচের কমান্ডটি রান করুন।

```
killall -9 twistd
rm -rf ~/.config/accomplishments/ && rm -rf ~/.cache/accomplishments/ && rm -rf ~/.local/share/accomplishments
sudo apt-get install accomplishments-daemon accomplishments-viewer ubuntu-community-accomplishments ubuntu-desktop-accomplishments accomplishments-lens
```

এর মাধ্যমে আপনি আবার নতুন করে উবুন্টু অ্যাকমপ্লিশমেন্ট ব্যবহার শুরু করতে পারবেন।

*ফিডব্যাক : sajib@aisjournal.com*